

14263 - ইহরামকারীর জন্য জুতা পরা কি জায়েয?

প্রশ্ন

দয়া করে আপনারা আমাকে অবহিত করবেন কি; ইহরামকারীর জন্য দুই ফিতাবিশিষ্ট সেভেল করা কি জায়েয? ইহরামকারীর সেভেল পরার বিষয়ে কোন নিষেধাজ্ঞা এসেছে কি?

প্রিয় উত্তর

সুন্নাহ হলো পুরুষ ব্যক্তি দুটো জুতা পরে ইহরাম করা। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণিত হয়েছে যে, তিনি বলেন: “তোমাদের কেউ যেন, লুঙ্গি, চাদর ও জুতা পরে ইহরাম করে।” উত্তম হলো দুটো জুতা পরে ইহরাম করা; যাতে করে ব্যক্তি কাঁটা, গরম ও ঠান্ডা থেকে নিজেকে রক্ষা করতে পারে। আর যদি জুতা পরে ইহরাম করতে না পারে তাহলে কোন অসুবিধা নেই।

[দেখুন: ফাতাওয়া ইসলামিয়া, খন্ড-২, পৃষ্ঠা-২৩২]

আরবী الحذاء শব্দের অর্থ الحذاء (জুতা)। ফিরোজাবাদী বলেন: “যা দিয়ে ভূপৃষ্ঠ থেকে পা-কে রক্ষা করা হয়”। [আল-কামুস আল-মুহীত; পৃষ্ঠা-১৩৭৪] সুতরাং যেটাকে জুতা বলা যায় সেটা পরে ইহরাম বাঁধা জায়েয হবে। ফিতার অস্তিত্ব ধর্তব্য নয়।

আল্লাহই সর্বজ্ঞ।